সংস্কৃত বিভাগ
সেমিস্টার IV (General)
পেপার : SANG-CC-T-04
শিক্ষিকার নাম. - ড. অমৃতা সিংহ

Topic : ব্যাকরণের প্রয়োজন (পাণিনি মতে)

ভাষ্যকার ভগবান্ পতঞ্জলি তাঁর ভাষ্যের পস্পশা-হ্নিকে শব্দের স্বরূপ বর্ণনার পর ব্যাকরণের প্রয়োজন কি সে সম্বন্ধে আলোচনা করেছেন। প্রয়োজন না জেনেও কোন মূর্খব্যক্তি কর্মে প্রবৃত্ত হয় না — "প্রয়োজনমবিজ্ঞায় ন মন্দোঽপি প্রবর্ত্ততে" অতএব এই রূপ প্রশ্নের উত্তর সমাধান করবার জন্য মহামুনি কাত্যায়নের বার্ত্তিকের দৃষ্টান্ত দিলেন — রক্ষা, ঊহ, আগম, লঘু, অসন্দেহ এইগুলি প্রয়োজন।

(ক) রক্ষাঃ রক্ষা অর্থাৎ বেদরক্ষার জন্য ব্যাকরণ প্রয়োজন। কারণ ব্যাকরণ বিধান অনুযায়ী বর্ণলোপ, আগম ও বর্ণপরিবর্তন সম্যক্ রূপে জানলে বেদ রক্ষিত হবে।

(খ) ঊহঃ বেদমন্ত্রগুলিকে যজ্ঞের প্রয়োজন যজ্ঞকালে পরিবর্তন করে নিতে হয়। এই পরিবর্তনকে ঊহ বলে। দৃষ্টান্ত:— অগ্নির মন্ত্র "অগ্নয়ে ত্বা জুষ্টং নির্বপামি" কিন্তু সূর্য্যের উদ্দেশ্যে অপর মন্ত্র উল্লেখ নেই। সেই সকলস্থলে সূর্য্য নির্বপনের কালে মন্ত্রটি হবে "সূর্য্যায় ত্বা জুষ্টং নির্বপামি। এই পরিবর্তন বিধানের জ্ঞান না থাকলে হবে না। অতএব ব্যাকরণ প্রয়োজন।

Scanned with CamScanner

(গ) আগম : আগম শব্দার্থ হলো শ্রুতি; বেদ। বেদবাক্য — ব্রাহ্মণ নিষ্কারণ ধর্মস্বরূপ ষড়ঙ্গ (শিক্ষা, কল্প, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ, ব্যাকরণ) বেদ অধ্যয়ন করা এবং জানা উচিত এই বেদবাক্য ধর্মস্বরূপ পালনে কোন ফল হয় না, অথচ লঙ্ঘনে প্রত্যবায় হয়। অতএব ষড়ঙ্গ বেদ অধ্যয়ন ব্রাহ্মণদের অবশ্য কর্তব্য,

(ঘ) লঘু : লঘু শব্দের অর্থ সহজ। শব্দ অনন্ত। প্রতিপদপাঠে শব্দের জ্ঞান হয় না। ব্যাকরণই শব্দজ্ঞানের সহজ উপায়।

(ঙ) অসন্দেহ : অসন্দেহ শব্দের অর্থ হল সন্দেহ বিহীন। সন্দেহ নিবারণ অর্থাৎ শব্দ এবং তার অর্থ সম্বন্ধে অসন্দেহ না হয়ে কোন শব্দ যত্রতত্র প্রয়োগ করা উচিত নয়, তাতে হিতের স্থলে অহিত হয়ে যায়। অতএব সন্দেহ বিহীনের জন্য ব্যাকরণের প্রয়োজন। এইরূপে ভাষ্যকার পতঞ্জলি মুখ্য প্রয়োজন বলেছেন।